# Times Today BD

রেজাউল করিম লিটন | খুলনা | 21 June, 2025

চুয়াডাঙ্গায় যৌথ বাহিনীর অভিযানে নাইন এম এম পিস্তল, এ্যামুনিশন ও দেশীয় অস্ত্রসহ এক  সন্ত্রাসী আটক হয়েছে। আজ শনিবার (২১ জুন) ভোর ৫ টায় চুয়াডাঙ্গা জেলায় কর্মরত সেনাবাহিনীর  ক্যাপ্টেন সৌমিক আহমেদ অয়ন (৩৬ এডি)'র নেতৃত্বে যৌথ বাহিনী কর্তৃক চুয়াডাঙ্গা শহরস্থ ঝিনাইদহ বাসস্ট্যান্ড পাড়া এতিমখানা রোডে অভিযান পরিচালনা করে তাকে আটক করে যৌথবাহিনী।

এ সময় তার কাছ থেকে একটি নাইন এম এম পিস্তল, একটি এ্যামুনিশ,  ৬টি দেশীয় অস্ত্র,  ৪ টি  চাইনিজ চাপাতি, ১টি চাইনিজ ছুরি ও ১ টি রামদা উদ্ধার করে।

আট মোঃ লিমন আলী (৪০), চুয়াডাঙ্গা শহরে ঝিনাইদাহ বাস স্ট্যান্ড পাড়ার এতিমখানা রোডের  বাসিন্দা আবুল হোসেনের ছেলে।

চুয়াডাঙ্গা সেনা ক্যাম্প সুত্র বিষয়টি নিশ্চিত করে জানায়, আটক লিমন আলীকে জিজ্ঞাসাবাদ শেষে আজ শনিবার সকালে উদ্ধারকৃত অস্ত্রসহ চুয়াডাঙ্গা সদর থানার পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানার ওসি খালিদুর রহমান জানান, লিমনকে আদালতে সোপর্দ করা হবে।

যৌথ বাহিনী বাস স্ট্যান্ড আটক সেনা ক্যাম্প

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 10:05

URL: https://timestodaybd.com/khulna/2851913520